দর্শনা ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনায় পুলিশের অভিযানে ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ সোহাগ ঘটু
(৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার একটি চৌকস পুলিশ দল মাদক বিরোধী বিশেষ অভিযান চলায় দর্শনা পৌর এলাকার মোবারক পাড়ায়।

এসময় মোবারকপাড়ার জৈনক নজরুল ইসলাম মাষ্টারের বসত বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে ১শ পিস মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ হাতে,নাতে গ্রেফতার করা হয় সোহাগ ঘটু (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী সোহাগ ঘটু দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার শান্তিপাড়ার আবুল খালেকের ছেলে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে, চোরাচালান, চুরি, চোরাই মাল হেফাজতে রাখা ও মারামারি ৭ টি মামলা ইতিপূর্বে রয়েছে এ মর্মে রেকর্ডে আছে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের পূর্বক আসামীদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় ৪ হাজার পিছ ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধেী অভিযান চালিয়ে মোটরসাইকেলের নীচ থেকে ভারতীয় ৪ হাজার পিছ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মোটরসাইকেল আটক করেছে।তবে আটক করতে পারেনী দর্শনা

মোহাম্মদপুরের মাদক ব্যাবসায়ী মিলন হোসেনকে।

জানাযায় সোমবার দুপুর আড়াইটারদিকে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা মোহাম্মদপুর মিন্টু মিয়ার বাড়ির সামনে।

এ সময় দর্শনা থানার এসআই খান আঃ রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে দর্শনা মোহাম্মদপুরের আব্দুর সালামের ছেলে মিলন হোসেনকে ধাওয়া করে। পরে মিলন হোসেন এ্যাপাছি আর টি আর মোটরসাইকেল ফেলে দৌড়ে পালিয়ে যায়। পরে পুলিশ মোটরসাইকেলের সীটের নীচ থেকে ৪ হাজার পিছ ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।তবে গ্রেফতার করতে পারেনী মিলন হোসেনকে।

এ ঘটনায় পুলিশ বাদি হয়ে মাদক আইনে নিয়মিত মামলা রুজু করে।

আলমডাঙ্গার বলিয়ারপুর ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ দু’জন গ্রেপ্তার

আলমডাঙ্গা ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫৯ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ দুই জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর বাজার প্রাঙ্গণ থেকে তাদের আটক করা হয়।

আটকৃতরা হলেন, উপজেলা নাগদাহ ইউনিয়নের ফিল্ডপাড়া আব্দুল ওয়াদুদ বিশ্বাসের ছেলে সজিব বিশ্বাস (২৪), বলিয়ারপুর ঘোষপাড়ার মুজিবর রহমান ছেলে ঝন্টু সরদার (৩৭)।

ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ সূত্রে জানাযায়, উপজেলার নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর গ্রামের দুই যুবক সজিব ও ঝন্টু বিশ্বাস। দীর্ঘদিন মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট সেবনের পাশাপাশি বিক্রি করে

আসছে। এতে স্থানীয় যুবকেরা মাদক সেবনের উপর গ্রাস করছে। বিভিন্ন সময় পুলিশ অভিযান চালালেও তারা ধরাছোয়ার বাইরে থাকে। গোপন সংবাদের ভিত্তিতে ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ আজ বুধবার দুপুরে বলিয়ারপুর বাজারে মাদকদ্রব্য অভিযান পরিচালনা করে। এসময় সজিব ও ঝন্টু বিশ্বাসকে আটক করে পুলিশ। দুজনের শরীর তল্লাশী করে ৫৯ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গায় ১০০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই যুবক আটক

আলমডাঙ্গা পৌর এলাকার রেল স্টেশন সংলগ্ন থেকে নেশাজাতীয় ‘ট্যাপেন্টাডল’ ট্যাবলেটসহ দুই যুবককে আটক করেছে পুলিশ। গত বুধবার (১২ এপ্রিল) সন্ধ্যায় থানা পুলিশ অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটকরা হলেন- পৌর এলাকার নওদা-বন্ডবিল গ্রামের কাহারপাড়ার মন্টুর ছেলে সজীব ওরফে ফজা (২৫) ও কালু বয়াতির ছেলে নিশান (২০)।

পুলিশ সূত্রে জানাযায়, বুধবার সন্ধ্যায় পৌর এলাকার রেল স্টেশন প্রাঙ্গণে দুই যুবক ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রয়ের খবর আসে পুলিশের নিকট। আলমডাঙ্গা থানার এসআই আমিনুর, এএসআই মোস্তফা কামাল সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

এসময় মাদক বিক্রয়কালে দু’যুবককে হাতে-নাতে আটক করে। তাদের নিকট থেকে নেশাজাতীয় দ্রব্য ১০০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে পুলিশ। এঘটনায় গতকাল বৃহস্পতিবার আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ। সংশ্লিষ্ট মামলায় তাদের জেল হাজতে

প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক ১

আলমডাঙ্গার হারদি কৃষি ক্লাবপাড়ায় বিশ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ। রবিবার রাতে দিকে ওসমানপুর ফাঁড়ি-পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করে। শরীর তল্লাশী করে তার নিকট থেকে ২০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার হারদি কৃষি ক্লাবপাড়া এলাকার গুলিম আলীর ছেলে মারিফুল (২৬)। দীর্ঘদিন পুলিশের চোঁখ ফাঁকি দিয়ে ট্যাপেন্টাডল ট্যাবলেট সেবন ও বিক্রি করে আসছে।

গতকাল রবিবার রাতের দিকে ওসমানপুর ফাঁড়িপুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ মাদক বিক্রির সম হাতে-নাতে মারিফুলকে আটক করে পুলিশ।

তার দেহ তল্লাশী করে ২০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে পুলিশ। এঘটনায় মারিফুলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে পুলিশ।

আলমডাঙ্গায় ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক ২

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে দু’জন মাদক ব্যবসায়ী ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ আটক করেছে পুলিশ।

শনিবার রাত ৮ টার দিকে পৌর এলাকার লালব্রিজ সংলগ্ন থেকে তাদের আটক করে। আটকৃত ব্যক্তিদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

জানাগেছে, কুষ্টিয়া ইবি থানার দুর্গাপুর গ্রামের মহত আলীর ছেলে আলাউদ্দিন (২৭) ও মসলেম উদ্দীনের ছেলে সামিম (২০)। গতকাল শনিবার রাত ৮টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার লালব্রিজের নিকট মাদক দ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রয়ের জন্য অবস্থান করছিলো।

গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার এএসআই মোস্তফা কামাল ও এএসআই রাসেল তালুকদার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ রোধে অভিযান পরিচালনা করেন। লালব্রিজ সংলগ্ন ব্রিজের উপর থেকে দু’জনকে আটক করে। তাদের শরীর তল্লাশি করে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে। রাতেই আটকৃত ব্যাক্তিদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে পুলিশ।